গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
লালমনিরহাট।
(আইসিটি শাখা)
www.lalmonirhat.gov.bd

বিষয় : **জেলা আইসিটি বিষয়ক কমিটির মার্চ ২০১৮ মাসের সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোহাম্মদ শফিউল আরিফ
জেলা প্রশাসক , লালমনিরহাট।

সভার স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।

তারিখ : ১৮/০৩/২০১৮ খ্রিঃ সময় : সকাল ১১.৪৫ ঘটিকা

উপস্থিতি : সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-ক তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) লালমনিরহাট সভায় জানান যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যাপক ব্যবহারের মাধ্যমে দেশের সার্বিক উন্নয়ন নিশ্চিত করতে সরকার “ভিশন ২০২১: ডিজিটাল বাংলাদেশ” ঘোষণা করেছে। সরকারের এই ঘোষণা অনুসারে দেশে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার, প্রয়োগ ও প্রসারের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়নে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের নির্দেশনায় বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কাজ করে যাচ্ছে। বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	**ওয়েব পোর্টাল সংক্রান্তঃ** জেলার প্রত্যেক সরকারি বিভাগীয় স্ব স্ব পোর্টাল তথ্য বাংলা ও ইংরেজি উভয় ভাষায় হালনাগাদ, ফেসবুক পেজের লিংক নিজ নিজ ওয়েবপোর্টালের “সামাজিক যোগাযোগ” সাব-মেনুতে সংযুক্ত করতে হবে	(ক) জেলা উন্নয়ন ও সমন্বয় সভার সকল সদস্যকে পোর্টালে স্ব স্ব বিভাগের তথ্য বাংলা ও ইংরেজি উভয় ভাষায় হালনাগাদ করতে হবে এবং ফেসবুক পেজের লিংক নিজ নিজ ওয়েবপোর্টালের “সামাজিক যোগাযোগ” সাব-মেনুতে সংযুক্ত করতে হবে	জেলা পর্যায়ের সকল কর্মকর্তা, লালমনিরহাট।
	এবং ইউনিয়ন ও উপজেলা পোর্টালের তথ্য মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখা ও পোর্টালের তথ্য বাংলা ও ইংরেজী উভয় ভাষায় হালনাগাদ করা আবশ্যক।	(খ) ইউনিয়ন ও উপজেলা পোর্টালে তথ্য বাংলা ও ইংরেজী উভয় ভাষায় হালনাগাদ করার বিষয়টি নিয়মিত মনিটরিং করার জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল)কে নির্দেশ দেয়া হয়।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট।
০২	**ইউডিসি আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য আপলোড সংক্রান্তঃ** ইউডিসির কার্যক্রম সচল ও বেগবান করা এবং এর মাধ্যমে জনসাধারণকে উপযুক্ত সেবা প্রদান করা প্রয়োজন। কিছু কিছু ইউডিসিতে চুক্তিপত্র মোতাবেক উদ্যোক্তা নেই।	(ক) ইউডিসির কার্যক্রমকে সচল ও বেগবান রাখা এবং এ কার্যক্রমে আয় ও সেবাগ্রহীতার সংখ্যা বৃদ্ধি করতে হবে। (খ) ইউডিসি উদ্যোক্তার পদ শূন্য হওয়া মাত্র উদ্যোক্তা নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট।

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০৩	**অনলাইনে রেকর্ডরুম হতে পর্চা সরবরাহঃ** জেলা ই-সেবা কেন্দ্রের মাধ্যমে নিয়মিত পর্চা সরবরাহ করা আবশ্যক।	প্রতিদিনের পর্চা প্রতিদিন সরবরাহ করতে হবে।	ভারপ্রাপ্ত কর্মকর্তা, রেকর্ডরুম।
০৪	**ই-ফাইলিং সিস্টেমে চিঠিপত্র নিষ্পত্তিঃ** ই-ফাইল (নথি)র মাধ্যমে নথির নিষ্পত্তি বৃদ্ধি এবং ড্যাশ বোর্ড নিয়মিত পরিদর্শন করা আবশ্যক।	ই-ফাইল (নথি) এর মাধ্যমে নথির নিষ্পত্তি বৃদ্ধি এবং ড্যাশ বোর্ড নিয়মিত পরিদর্শন করতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), (রাজস্ব) ও অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট লালমনিরহাট।
০৫	**সরকারি ই-মেইল ব্যবহার সংক্রান্তঃ** মাঠ পর্যায়ের সাথে দ্রুত যোগাযোগ স্থাপনের জন্য ই-মেইল ব্যবহার করা প্রয়োজন।	মাঠ পর্যায়ে প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্নের জন্য যোগাযোগ রক্ষায় প্রত্যেক অফিসে ই-মেইল সংরক্ষণ এবং তা ব্যবহার করতে হবে।	জেলা/উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা, লালমনিরহাট।
০৬	**উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠানঃ** সভাপতি প্রতিমাসে উপজেলা আইসিটি কমিটির সভা আয়োজন করে সভার কার্যবিবরণী প্রতিমাসের ০১ তারিখের মধ্যে আইসিটি শাখায় প্রেরণ করার জন্য পুনরায় অনুরোধ করেন।	প্রতি মাসে উপজেলা আইসিটি কমিটির সভা করে কার্যবিবরণী জেলায় প্রেরণ করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট।
০৭	**ইউডিসি এর মাধ্যমে পল্লী বিদ্যুতের বিল আদায় কার্যক্রমঃ** এ জেলায় এখনও ইউডিসি এর মাধ্যমে পল্লী বিদ্যুতের বিল আদায় কার্যক্রম শুরু করা হয়নি।	ইউডিসি এর মাধ্যমে পল্লী বিদ্যুতের বিল আদায় কার্যক্রম শুরুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
০৮	**বিসিসি হতে শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাব পরিদর্শন প্রতিবেদন দাখিল বিষয়ক তথ্য:** সভাপতি বিসিসি কর্তৃক স্থাপিত ল্যাবসমূহের যথাযথ ব্যবহার ও রক্ষণাবেক্ষণ এবং পরিদর্শন করার জন্য উপজেলা কমিটিকে অনুরোধ করেন।	বিসিসি কর্তৃক স্থাপিত ল্যাবসমূহের যথাযথ ব্যবহার ও রক্ষণাবেক্ষণ এবং পরিদর্শন অব্যাহত রাখতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও জেলা শিক্ষা অফিসার, লালমনিরহাট।

০৯	**জেলা পর্যায়ে বিভিন্ন প্রশিক্ষণ আয়োজনের তথ্যঃ** সহকারী কমিশনার (আইসিটি) সভায় অবহিত করেন যে, এমাসে কোন প্রশিক্ষণ প্রদান করা নাই।	প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	সহকারী কমিশনার (আইসিটি) লালমনিরহাট।
১০	**মাল্টিমিডিয়া ক্লাস রুম পরিদর্শন সংক্রান্তঃ** সভাপতি মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন করার জন্য অনুরোধ করেন।	মাল্টিমিডিয়া ক্লাসরুম নিয়মিত পরিদর্শন করতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও জেলা শিক্ষা অফিসার, লালমনিরহাট।
১১	**জনসেবায় facebook এর ব্যবহার বৃদ্ধি সংক্রান্ত:** সভাপতি সরকারী প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা ২০১৬ মোতাবেক প্রত্যেকটি অফিস ও শিক্ষা প্রতিষ্ঠান ভিত্তিক ফেসবুক আইডি খোলা এবং পরিচালনার জন্য অনুরোধ করেন।	প্রত্যেকটি অফিস ও শিক্ষা প্রতিষ্ঠান ভিত্তিক ফেসবুক আইডি খুলতে ও পরিচালনা করতে হবে।	জেলা পর্যায়ের সকল কর্মকর্তা, লালমনিরহাট।
১২	**National e-Government Network ব্যবহার সংক্রান্ত:** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বাংলা গভঃনেট ও ইনফো-সরকার-২ প্রকল্পের মাধ্যমে জেলা ও উপজেলা পর্যায়ে সরকারী দপ্তরে নেটওয়ার্ক কানেকটিভিট স্থাপন করা হয়েছে। এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	নেটওয়ার্ক কানেকটিভিটি সচল রাখতে হবে।	প্রতিনিধি, ফাইবার এট হোম
১৩	**বিবিধ :** সভাপতি জেলা ওয়েব পোর্টালে শিক্ষা প্রতিষ্ঠানের তথ্যাদি হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।	জেলা ওয়েব পোর্টালে শিক্ষা প্রতিষ্ঠানের তথ্যাদি হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	জেলা শিক্ষা অফিসার/ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, লালমনিরহাট।

পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ভিশন-২০২১ বাস্তবায়নে আন্তরিক সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ শফিউল আরিফ)
জেলা প্রশাসক
লালমনিরহাট।
ফোনঃ ০৫৯১-৬২০২০
ফ্যাক্সঃ০৫৯১:৬২০২১
dclalmonirhat@mopa.gov.bd

স্মারকনং-০৫.৪৭.৫২০০.০২৮.০২.০০২.১৭-৪৫ (৩০) তারিখঃ-০৫/০৪/২০১৮খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ-

০১। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিসিসি ভবন, আগারগাঁও, ঢাকা।

০২। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।

০৩। নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

০৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

০১। ....

....

লালমনিরহাট।

জেলা প্রশাসকের পক্ষে-

০৫/০৪/১৮

(শামীমা সুলতানা)
সহকারী কমিশনার
আইসিটি শাখা
ফোনঃ০৫৯১-৬১০১১
acictlalmonirhat@yahoo.com